# শেরপুরে জামায়াত–বিএনপি কর্মীদের সংঘর্ষে আহত ৫, পাল্টাপাল্টি অভিযোগ



সংগৃহীত ছবি

শেরপুরে নির্বাচনী জনসংযোগকে কেন্দ্র করে জামায়াত ও বিএনপি কর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে অন্তত পাঁচজন আহত হয়েছেন। শুক্রবার (২৪ অক্টোবর) বিকেলে চরপক্ষিমারি ইউনিয়নের ডাকপাড়া এলাকায় এ ঘটনা ঘটে।

জেলা জামায়াতের মনোনীত প্রার্থী হাফেজ রাশেদুল ইসলাম অভিযোগ করে বলেন, জনসংযোগ চলাকালে বিএনপির কিছু কর্মী তাদের মিছিলের পথ রোধ করে প্রচারণা বন্ধ করতে বলে। একপর্যায়ে কথা-কাটাকাটি থেকে সংঘর্ষে রূপ নেয় পরিস্থিতি। হামলায় জেলা শিবিরের সাবেক সভাপতি সহ কয়েকজন আহত হন। পরে তিনি চারজনের নাম উল্লেখ ও অজ্ঞাত আরও ১২ জনের বিরুদ্ধে থানায় লিখিত অভিযোগ দেন।

অন্যদিকে উপজেলা বিএনপির আহ্বায়ক হজরত আলী অভিযোগ অস্বীকার করে বলেন, আসলে জামায়াতের নেতাকর্মীরাই প্রথমে বিএনপির সমর্থকদের ওপর হামলা চালায়। ঘটনার পরপরই জেলা ছাত্রদল থানার মোড়ে জামায়াতবিরোধী স্লোগান দিয়ে মিছিল করে।

LENS ASIA

এ ঘটনায় এলাকায় উত্তেজনা বিরাজ করছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে বলে জানিয়েছে স্থানীয় প্রশাসন।